

ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ২৪

আরবি মূল আয়াত:

إِذْهَبْ إِلَىٰ فِرْعَوْنَ إِنَّهُ طَغَىٰ ﴿٢٤﴾

অনুবাদসমূহ:

‘ফির‘আউনের কাছে যাও; নিশ্চয় সে সীমালঙ্ঘন করেছে’। — আল-বায়ান

ফেরাউনের কাছে যাও, বাস্তবিকই সে সীমালঙ্ঘন করেছে।’ — তাইসিরুল

ফির‘আউনের নিকট যাও, সে সীমালংঘন করেছে। — মুজিবুর রহমান

Go to Pharaoh. Indeed, he has transgressed." — Sahih International

২৪. ফিরআউনের কাছে যান, সে তো সীমালংঘন করেছে।(১)

(১) অর্থাৎ মিসরের বাদশা ফিরআউনের কাছে যান। যার কাছ থেকে পালিয়ে এসেছেন, তাকে একমাত্র আল্লাহর ইবাদাতের দিকে আহ্বান জানান। আর তাকে বলুন, যেন বনী ইসরাঈলের সাথে ভাল ব্যবহার করে। তাদেরকে যেন শাস্তি না দেয়। কেননা সে সীমালঙ্ঘন করেছে, বাড়াবাড়ি করেছে, দুনিয়াকে প্রাধান্য দিয়েছে এবং মহান রবকে ভুলে গেছে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(২৪) তুমি ফিরআউনের নিকট যাও, নিশ্চয় সে সীমালংঘন করেছে।’ [1]

[1] ফিরআউনের উল্লেখ এই কারণে যে, মূসা (আঃ)-এর জাতি বানী ইসরাঈলকে দাসে পরিণত করে রেখেছিল। তাদের উপর নানান প্রকার অত্যাচার চালাত। এ ছাড়া তার অবাধ্যতা ও ঔদ্ধত্যও চরম সীমায় পৌঁছে গিয়েছিল। এমনকি সে দাবী করে বসেছিল যে, {أَنَا رَبُّكُمْ الْأَعْلَىٰ} অর্থাৎ, আমিই তোমাদের উচ্চতম প্রতিপালক। (নাযিআতঃ ২৪)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2372>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন